[illegible]

[illegible]

**Job Category:** Engineer/Architect

**Job Source:** [illegible]

## Job Summary

**Posted On:** 27 Oct 2024

**Application Deadline:** 27 Nov 2024

# সোসাইটি ফর সোসাল সার্ভিস (এসএসএস)

**www.sss-bangladesh.org**

## নিয়োগ বিজ্ঞপ্তি

এমআরএ সনদ নং-০২৫

### আপনি কি সৎ জীবন-যাপন করতে আগ্রহী ?

**সোসাইটি ফর সোসাল সার্ভিস (এসএসএস)** বাংলাদেশের জাতীয় পর্যায়ের একটি বেসরকারি উন্নয়ন সংস্থা। সংস্থাটি দেশের ঢাকা, চট্টগ্রাম, সিলেট, ময়মনসিংহ, রাজশাহী, খুলনা ও রংপুর বিভাগের মোট ৫২ টি জেলায় ১১ লক্ষাধিক পরিবারের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি/প্রকল্প (ক্ষুদ্র অর্থায়ন, উদ্যোক্তা উন্নয়ন, প্রশিক্ষণ, স্বাস্থ্য ও পুষ্টি, শিক্ষা ও শিশু উন্নয়ন, কৃষি, মৎস্য ও প্রাণী সম্পদ সম্প্রসারণ, পলিটেকনিক ইন্সটিটিউট, ভোকেশনাল ট্রেইনিং, দূর্যোগ ও জলবায়ু পরিবর্তন ইত্যাদি) বাস্তবায়ন করছে। সংস্থার ক্ষুদ্র অর্থায়ন, শিক্ষা ও কৃষি সম্প্রসারণ কর্মসূচিতে পেশা গঠনে আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত পদে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| ক্র. নং | পদের নাম | পদ সংখ্যা | বয়স (বছর) | বেতন, শিক্ষাগত যোগ্যতা ও শর্তাবলী |
|---|---|---|---|---|
| ০১ | মনিটরিং কর্মকর্তা | ০২ | সর্বোচ্চ ৫২ | বেতন শিক্ষানবিসকালে ন্যূনতম ১,২৪,৯৩৬/- টাকা। নিয়মিতকরণের পর বেতন হবে ১,৫৬,১৭০/- টাকা। শিক্ষাগত যোগ্যতা : যেকোন বিষয়ে স্নাতকোত্তর পাশ। যেকোন ক্ষুদ্র অর্থায়ন প্রতিষ্ঠানে ন্যূনতম ২০ বছর অথবা শীর্ষস্থানীয় ক্ষুদ্র অর্থায়ন প্রতিষ্ঠানে বিভাগীয় প্রধান/শীর্ষ স্থানীয় কর্মকর্তা হিসেবে ন্যূনতম ১০ বছরের কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। অধিকতর যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য এবং বেতন ও পদবির বিষয়টি আলোচনা সাপেক্ষে নির্ধারণের সুযোগ থাকবে। |
| ০২ | প্রশাসক (হাসপাতাল) | ০১ | সর্বোচ্চ ৫২ | শিক্ষাগত যোগ্যতা : এমবিবিএস এবং এমপিএইচ/পোস্ট গ্র্যাজুয়েশন সম্পন্ন হতে হবে। সরকারি বা বেসরকারি হাসপাতালে (ন্যূনতম ২০ শয্যা বিশিষ্ঠ) হাসপাতাল ব্যবস্থাপনার ন্যূনতম ১০ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। এ পদের প্রার্থীদের বেতন ও পদবি আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা হবে। অধিকতর যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। |
| ০৩ | বিভাগীয় প্রধান (প্রশিক্ষণ) | ০১ | সর্বোচ্চ ৫০ | বেতন শিক্ষানবিসকালে ন্যূনতম ১,০৮,৫৬০/- টাকা। নিয়মিতকরণের পর বেতন হবে ১,৩৫,৭০০/- টাকা। শিক্ষাগত যোগ্যতা : যেকোন বিষয়ে স্নাতকোত্তর পাশ। কোন স্বনামধন্য বেসরকারি ক্ষুদ্র অর্থায়ন প্রতিষ্ঠানের প্রশিক্ষক হিসেবে ন্যূনতম ১৫ বছর এবং প্রশিক্ষণ বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে ন্যূনতম ০৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। অধিকতর যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য এবং বেতন ও পদবির বিষয়টি আলোচনা সাপেক্ষে নির্ধারণের সুযোগ থাকবে। এ পদের প্রার্থীদের কর্মস্থল হবে ঢাকা/টাঙ্গাইল। |
| ০৪ | বিভাগীয় প্রধান (গবেষণা ও প্রকাশনা) | ০১ | সর্বোচ্চ ৫০ | বেতন শিক্ষানবিসকালে ন্যূনতম ১,০২,০২৮/- টাকা। নিয়মিতকরণের পর বেতন হবে ১,২৭,৫৩৫/- টাকা। শিক্ষাগত যোগ্যতা: যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর পাশ। কোন স্বনামধন্য প্রতিষ্ঠানে গবেষণা, প্রকাশনা ও প্রতিবেদন প্রস্তুত সম্পর্কিত কাজে ন্যূনতম ১৫ বছরের বাস্তব অভিজ্ঞতা এবং নিজস্ব প্রকাশনা থাকতে হবে। বাংলা ও ইংরেজি উভয় ভাষায় পারদর্শী হতে হবে (লেখা ও বলা)। অধিকতর যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য এবং বেতন ও পদবির বিষয়টি আলোচনা সাপেক্ষে নির্ধারণের সুযোগ থাকবে। |
| ০৫ | প্রধান সমন্বয়কারী (কৃষি ও প্রাণীসম্পদ) | ০১ | সর্বোচ্চ ৫০ | বেতন শিক্ষানবিসকালে ন্যূনতম ১,০২,০২৮/- টাকা। নিয়মিতকরণের পর বেতন হবে ১,২৭,৫৩৫/- টাকা। শিক্ষাগত যোগ্যতা : স্নাতকোত্তর (কৃষি) পাশ। স্বনামধন্য কোন বেসরকারি প্রতিষ্ঠানে সম্প্রসারণ সংক্রান্ত কাজে উচ্চতর পদে ন্যূনতম ১৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। এ পদের প্রার্থীদের ক্ষেত্রে বেতনের বিষয়টি আলোচনা সাপেক্ষে নির্ধারণের সুযোগ থাকবে। অধিক যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। |
| ০৬ | প্রিন্সিপাল (পলিটেকনিক ইন্সটিটিউট) | ০১ | সর্বোচ্চ ৫০ | শিক্ষাগত যোগ্যতা : বি,এস,সি-ইন-ইঞ্জিনিয়ারিং (সিভিল/ইলেকট্রিক্যাল)। সরকারি/বেসরকারি পলিটেকনিক ইন্সটিটিউটে প্রিন্সিপাল হিসাবে ন্যূনতম ৮ বছর কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। এ পদের প্রার্থীদের ক্ষেত্রে বেতনের বিষয়টি আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা হবে। |
| ০৭ | স্বাস্থ্য সমন্বয়কারী (পিএইচসিপি-প্রকল্প) | ০১ | সর্বোচ্চ ৫০ | শিক্ষাগত যোগ্যতা : এমবিবিএস এবং এমপিএইচ/পোস্ট গ্র্যাজুয়েশন সম্পন্ন হতে হবে। স্বাস্থ্য প্রকল্পের সমন্বয়কারী/প্রধান হিসেবে ন্যূনতম ১০ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। এ পদের প্রার্থীদের ক্ষেত্রে বেতনের বিষয়টি আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা হবে। |
| ০৮ | চিকিৎসক (মহিলা) | ০২ | সর্বোচ্চ ৩৫ | শিক্ষাগত যোগ্যতা : এমবিবিএস সম্পন্ন। PGDMU ও PGT (Gnecology & Obstetics) আবশ্যক এবং সরকারি বা বেসরকারি হাসপাতালে আল্ট্রা ও সিজার করার ন্যূনতম ০৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। এ পদের প্রার্থীদের ক্ষেত্রে বেতনের বিষয়টি আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা হবে। অধিকতর যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য এবং বেতন ও পদবির বিষয়টি আলোচনা সাপেক্ষে নির্ধারণের সুযোগ থাকবে। |
| ০৯ | নির্মাণ প্রকৌশলী (সেকশন প্রধান) | ০১ | সর্বোচ্চ ৫০ | শিক্ষাগত যোগ্যতা: সিভিল/স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক/স্নাতকোত্তর পাশ। পাবলিক বিশ্ববিদ্যালয় এর প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। নির্মাণ, কাঠামোগত নকশা প্রস্তুত এবং নির্মাণ বিভাগ পরিচালনা সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ১৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এ পদের প্রার্থীদের ক্ষেত্রে বেতনের বিষয়টি আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা হবে। |
| ১০ | স্থাপত্য প্রকৌশলী | ০১ | সর্বোচ্চ ৫০ | শিক্ষাগত যোগ্যতা : স্থাপত্যবিদ্যায় স্নাতক/স্নাতকোত্তর পাশ। পাবলিক বিশ্ববিদ্যালয় এর প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। সংশ্লিষ্ট কাজে ৮-১০ বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। এ পদের প্রার্থীদের ক্ষেত্রে বেতনের বিষয়টি আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা হবে। |
| ১১ | এরিয়া ম্যানেজার | ২৫ | সর্বোচ্চ ৪৫ | বেতন শিক্ষানবিসকালে ৪৭,৪০৮/- টাকা এবং নিয়মিতকরণের পর ৫৯,২৬০/- টাকা। অধিকতর যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বেতনের বিষয়টি আলোচনা সাপেক্ষে নির্ধারণের সুযোগ থাকবে। শিক্ষাগত যোগ্যতা : যে কোন বিষয়ে স্নাতকোত্তর পাশ। স্বনামধন্য কোন প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে সংশ্লিষ্ট পদে ন্যূনতম ৫টি শাখা ও ৩০ কোটি টাকা ঋণ স্থিতি পরিচালনায় ৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। পিকেএসএফ এর সহযোগী প্রতিষ্ঠানে (সংশ্লিষ্ট পদে ৫ বছর এবং ক্ষুদ্রঋণে ১০ বছর) কাজ করার অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ মোটরসাইকেল চালনায় পারদর্শী হওয়া আবশ্যক। |
| ১২ | হিসাব কর্মকর্তা/ অডিট কর্মকর্তা | ১০ | সর্বোচ্চ ৩৫ | বেতন শিক্ষানবিসকালে ৪৩,০০৮/- টাকা এবং নিয়মিতকরণের পর ৫৩,৭৬০/- টাকা। শিক্ষাগত যোগ্যতা: হিসাববিজ্ঞান/ফাইন্যান্স/ এ্যাকাউন্টিং/ফাইন্যান্স এন্ড ব্যাংকিং বিষয়ে স্নাতকোত্তর পাশ। পাবলিক বিশ্ববিদ্যালয়, সিএ আর্টিকেলশীপ (৩ বছর) এবং সংশ্লিষ্ট পদে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার পাবে। অধিকতর যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বেতনের বিষয়টি আলোচনা সাপেক্ষে নির্ধারণের সুযোগ থাকবে। |
| ১৩ | সিনিয়র অফিসার (ক্রেডিট)/শাখা ব্যবস্থাপক | ১০০ | সর্বোচ্চ ৪০ | বেতন শিক্ষানবিসকালে ৩৯,৪৪০/-টাকা এবং নিয়মিতকরণের পর ৪৯,৩০০/- টাকা। অধিকতর যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বেতনের বিষয়টি আলোচনা সাপেক্ষে নির্ধারণের সুযোগ থাকবে। শিক্ষাগত যোগ্যতা : যেকোন বিষয়ে স্নাতকোত্তর পাশ। স্বনামধন্য কোন প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে সংশ্লিষ্ট পদে ন্যূনতম ৫ কোটি টাকা ঋণ স্থিতি পরিচালনায় ৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। পিকেএসএফ এর সহযোগী প্রতিষ্ঠানে (সংশ্লিষ্ট পদে ৫ বছর এবং ক্ষুদ্রঋণে ৮ বছর) কাজ করার অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ মোটরসাইকেল চালনায় পারদর্শী হওয়া আবশ্যক। |
| ১৪ | অফিসার (ক্রেডিট)/ সহকারী শাখা ব্যবস্থাপক | ২০০ | সর্বোচ্চ ৩২ | প্রশিক্ষণকাল ৪ মাস এবং বেতন ১৬,০০০/- টাকা, শিক্ষানবিসকালে ৩৩,৫৬৮/-টাকা এবং নিয়মিতকরণের পর ৪১,৯৬০/- টাকা। শিক্ষাগত যোগ্যতা : যেকোন বিষয়ে স্নাতকোত্তর পাশ। এই পদে মোটরসাইকেল চালানো বাধ্যতামূলক। বৈধ ড্রাইভিং লাইসেন্স/লার্নার লাইসেন্স থাকলে অগ্রাধিকার পাবে। |
| ১৫ | এ্যাসোসিয়েট অফিসার (ক্রেডিট) /শাখা হিসাবরক্ষক | ১০০ | সর্বোচ্চ ৩২ | প্রশিক্ষণকাল ন্যূনতম ২ মাস এবং বেতন ১৪,০০০/- টাকা, শিক্ষানবিসকালে ৩০,৮৮০/- টাকা এবং নিয়মিতকরণের পর ৩৮,৬০০/- টাকা। শিক্ষাগত যোগ্যতা : হিসাব বিজ্ঞান/ এ্যাকাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেম/ ফাইন্যান্স এন্ড ব্যাংকিং বিষয়ে স্নাতকোত্তর পাশ। বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ মোটরসাইকেল চালনায় পারদর্শী হওয়া আবশ্যক। কম্পিউটার চালনায় ডিপ্লোমা/দক্ষতা সম্পন্ন এবং সংশ্লিষ্ট পদে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। ঢাকা, চট্টগ্রাম, সিলেট ,বরিশাল ও খুলনা বিভাগের প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| ১৬ | এ্যাসিস্ট্যান্ট অফিসার (ক্রেডিট)/ সিনিয়র মাঠ সংগঠক | ১০০০ | সর্বোচ্চ ৩২ | প্রশিক্ষণকাল ২ মাস এবং বেতন ১২,০০০/- টাকা, শিক্ষানবিসকালে ২৯,২৪৮/-টাকা এবং নিয়মিতকরণের পর ৩৬,৫৬০/- টাকা। শিক্ষাগত যোগ্যতা : যে কোন বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর পাশ। প্রার্থীদের বাইসাইকেল চালনায়, শর্তসাপেক্ষে মোটরসাইকেল চালনায় পারদর্শী হতে হবে। সেক্ষেত্রে, বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। নির্বাচিত প্রার্থীদের যোগদানের সময় জামানত হিসেবে ১৫,০০০/- টাকা জমা রাখতে হবে যা সার্ভিস চার্জসহ ফেরতযোগ্য। আবেদনপত্রে এবং খামে পরীক্ষা কেন্দ্র (ঢাকা/টাঙ্গাইল/চট্টগ্রাম/কুমিল্লা/ নোয়াখালী/ফরিদপুর/ যশোর/ব্রাহ্মণবাড়ীয়া) উল্লেখ করতে হবে। সংশ্লিষ্ট পদে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য। |
| ১৭ | সিনিয়র নার্স/ ওটি ইনচার্জ (এসএসএস হাসপাতাল) | ০২ | সর্বোচ্চ ৪০ | শিক্ষাগত যোগ্যতাঃ সরকারি প্রতিষ্ঠান থেকে বিএসসি-ইন-নার্সিং/ডিপ্লোমা-ইন-মিডওয়েফারি এবং নার্সিং কাউন্সিলর এর সনদপ্রাপ্ত। সরকারি বা বেসরকারি হাসপাতালে (ন্যূনতম ১০ শয্যা বিশিষ্ট) ওটি ইনচার্জ হিসেবে ন্যূনতম ০৫ বছরসহ মোট ১০ বছর নার্সিং এর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। এ পদের প্রার্থীদের বেতন আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা হবে। অধিকতর যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। |
| ১৮ | নার্স (এসএসএস হাসপাতাল) | ০৫ | সর্বোচ্চ ৩৫ | শিক্ষাগত যোগ্যতাঃ সরকারি প্রতিষ্ঠান থেকে বিএসসি-ইন-নার্সিং/ডিপ্লোমা-ইন-মিডওয়েফারি এবং নার্সিং কাউন্সিলর এর সনদপ্রাপ্ত। সরকারি বা বেসরকারি হাসপাতালে (ন্যূনতম ১০ শয্যা বিশিষ্ট) সংশ্লিষ্ট পদে ন্যূনতম ০৫ বছর কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। এ পদের প্রার্থীদের বেতন আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা হবে। অধিকতর যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। |
| ১৯ | ডাইনিং/ ক্যান্টিন ম্যানেজার | ০১ | সর্বোচ্চ ৪০ | শিক্ষাগত যোগ্যতাঃ হোটেল ম্যানেজমেন্ট-এ ডিপ্লোমা/কোর্স। স্বনামধন্য প্রতিষ্ঠানে ডাইনিং/ক্যান্টিন ব্যবস্থাপনায় কাজের ন্যূনতম ০৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। এ পদের প্রার্থীদের ক্ষেত্রে বেতনের বিষয়টি আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা হবে। |

অন্যান্য সুযোগ সুবিধা ও শর্তাবলী ঃ

- **সকল পদে শিক্ষানবিসকাল ৬ মাস। নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণ সংস্থার চাকুরিবিধি অনুযায়ী কন্ট্রিবিউটরি প্রভিডেন্ড ফান্ড, এসএফ, গ্রাচ্যুয়িটি, প্রতিবছর ৩০ দিন সংস্থার নিকট বিক্রয়যোগ্য অর্জিত ছুটি, মূল বেতনের সমপরিমাণ ২টি উৎসব বোনাস, মূল বেতনের সমপরিমাণ ২টি উৎসাহ বোনাস (ক্রেডিটভুক্ত কর্মকর্তা/কর্মী), বার্ষিক ইনক্রিমেন্ট, প্রযোজ্য ক্ষেত্রে টি.এ/ডি.এ, লাঞ্চ ভাতা, সুদমুক্ত মোটরসাইকেল ঋণ, জ্বালানী ও রক্ষণাবেক্ষণ ব্যয়, কর্মী ঋণ, মোবাইল বিলসহ আনুষঙ্গিক সুবিধাদি প্রাপ্য হবেন। নিয়োগকৃত (১১নং এবং ১৩নং হতে ১৬নং পদে) পুরুষ প্রার্থীগণ সংস্থার অফিস ক্যাম্পাসে বিনামূল্যে একক আবাসন সুবিধা এবং মহিলা প্রার্থীগণ বাহিরে থাকার জন্য অতিরিক্ত বাড়ী ভাড়া ভাতা পাবেন। ০১নং, ০৪নং, ০৫নং, ৭নং, ৯নং, ১০নং ও ১৯নং পদের নিয়োগপ্রাপ্ত প্রার্থীদের কর্মস্থল হবে ফাউন্ডেশন কার্যালয়, টাঙ্গাইল; ০৩নং পদের প্রার্থীর কর্মস্থল হবে ফাউন্ডেশন কার্যালয়, টাঙ্গাইল/প্রধান কার্যালয়, ঢাকা; ০২নং, ০৮নং, ১৭ নং ও ১৮নং পদের নিয়োগপ্রাপ্ত প্রার্থীদের কর্মস্থল হবে এসএসএস হাসপাতাল, টাঙ্গাইল; ০৬নং পদের নিয়োগপ্রাপ্ত প্রার্থীর কর্মস্থল হবে এসএসএস পলিটেকনিক ইন্সটিটিউট, টাঙ্গাইল এবং ১২নং পদের প্রার্থীদের কর্মস্থল হবে ফাউন্ডেশন কার্যালয়/বিভাগীয় কার্যালয়/জোন কার্যালয়।** সিনিয়র পরিচালক, মানবসম্পদ ও প্রশাসন বিভাগ, এসএসএস বরাবর আবেদনপত্র, প্রার্থীর পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত, (স্বাক্ষরসহ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, সম্প্রতি তোলা ৪ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (অবশ্যই ল্যাব প্রিন্ট) এবং ২০০/- টাকা (অফেরতযোগ্য) **"সোসাইটি ফর সোসাল সার্ভিস (এসএসএস)-এর অনুকূলে সোনালী ব্যাংক লিঃ, ময়মনসিংহ রোড শাখা, টাঙ্গাইল**, সঞ্চয়ী হিসাব নম্বর **"৬০১৫২৩৪০০২০৪৫"** তে অনলাইন জমা/টিটি করে জমার স্লিপ আবেদনপত্রের সাথে যুক্ত করে আবেদন করতে হবে। উপরিউক্ত নিয়ম ব্যতীত অন্য কোনভাবে টাকা জমা করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। সকল পদে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে ১৫ নং ও ১৬ নং পদের জন্য ঢাকা, চট্টগ্রাম, খুলনা, বরিশাল ও সিলেট বিভাগের প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। ০১নং হতে ১৫নং ও ১৭নং হতে ১৯নং পদের প্রার্থীদের পরীক্ষার কেন্দ্র- টাঙ্গাইল এবং ১৬নং পদের প্রার্থীদের পরীক্ষার কেন্দ্র-ঢাকা, টাঙ্গাইল, চট্টগ্রাম, কুমিল্লা, নোয়াখালী, ফরিদপুর, যশোর, ব্রাহ্মণবাড়ীয়া। আবেদন পত্রে এবং খামের উপরে পরীক্ষা কেন্দ্রের নাম উল্লেখ করতে হবে। বয়স গণনা আগামী ২৭/১১/২০২৪ তারিখ অনুযায়ী করতে হবে। আবেদনপত্র সরাসরি অথবা ডাকযোগে জমা দেওয়া যাবে। **আবেদনপত্র প্রেরণের ঠিকানা ঃ সিনিয়র পরিচালক, মানবসম্পদ ও প্রশাসন বিভাগ, সোসাইটি ফর সোসাল সার্ভিস (এসএসএস), এসএসএস ভবন, ফাউন্ডেশন অফিস, ময়মনসিংহ রোড, টাঙ্গাইল।** আবেদনপত্র গ্রহণের সময়সীমা ঃ **আগামী ২৭/১১/২০২৪ তারিখ**। নির্বাচনী পরীক্ষার জন্য প্রার্থীদেরকে এসএমএস /মোবাইল এর মাধ্যমে ডাকা হবে। সুতরাং, আবেদনপত্রে অবশ্যই সক্রিয় মোবাইল ফোন নম্বর দিতে হবে। সকল পদে সুঠাম দেহী, সচ্চরিত্রবান, কঠোর পরিশ্রমী, সাহসী, চ্যালেঞ্জ গ্রহণে আগ্রহী ও জেলা শহর, উপ-শহর, প্রত্যন্ত অঞ্চলসহ এসএসএস-এর যে কোন কর্ম-এলাকায় কাজ করার মানসিকতা থাকতে হবে। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বিজ্ঞপ্তির শর্তাবলী অনুসারে অভিজ্ঞতার তথ্য/সনদ আবেদন পত্রে উল্লেখ করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না। প্রার্থীদের যোগদানের সময় মূল সার্টিফিকেট জমা রাখতে হবে। এজন্য একটি প্রাপ্তিস্বীকার পত্র প্রদান করা হবে। তবে সাময়িক সময়ের জন্য সার্টিফিকেট উত্তোলন করা যাবে। পরীক্ষার দিন পরীক্ষার্থীদের প্যাকেট লাঞ্চ প্রদান করা হবে। **অসম্পূর্ণ আবেদনপত্র ও নকল সার্টিফিকেট বহনকারী প্রার্থী এবং কোন প্রকার সুপারিশ এবং অর্থের লেনদেন (চাকুরি পাওয়া/পোস্টিং এর ক্ষেত্রে) প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।**

সিনিয়র পরিচালক

মানবসম্পদ ও প্রশাসন বিভাগ।

www.sss-bangladesh.org